

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

কানাইপুর শাখা, ফরিদপুর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স মুন্না এন্টারপ্রাইজ, নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের প্রোপাইটর মৃত মোঃ আরিফ হোসেন (মুন্না মিয়া), পিতা- মোঃ সোহরাব হোসেন (মন্টু মিয়া), মাতাঃ মোসাঃ আরিফুলেছা, সাং- মালাংগা, কানাইপুর, ডাকঘর- কানাইপুর-৭৮০১, উপজেলা- কোতোয়ালী, জেলা- ফরিদপুর, ব্যবসায়িক ঠিকানা- কানাইপুর বাজার, কানাইপুর, জেলা- ফরিদপুর কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ কানাইপুর শাখা, ফরিদপুর হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের রমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মনজুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২২/০২/২০১৭ ইং ও ৩০/০৬/২০১৭ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা সিসি (হাইপো) ৬৪,৮৪,৩২২/- (চৌশটি লব চুরাশি হাজার তিন শত বাইশ) টাকা এবং হাউসহোল্ড ডিউরোবেল লোন ৩,৩৫,৪৪২/- (তিন লব পয়ত্রিশ হাজার চার শত বিয়ালিশ) টাকা সহ সর্বমোট ৬৮,১৯,৭৬৪/- (আটশটি লব উনিশ হাজার সাত শত চৌশটি) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

- ১। জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্সরগত জে.এল ৫৬ নং ভাটি কানাইপুর মৌজার এস.এ. খতিয়ান নং - ৯, আর এস - ১৫, ডিপি - ৯৯ প্রস্ৰাবিত খতিয়ান নং ৯/২, আর.এস. ও এস.এ. দাগ নং- ৯৮৬, হাল দাগ নং ১৫৫৪ জমির পরিমাণ ৮.০০ শতাংশ এবং উহার উপর নির্মিত যাবতীয় স্থাপনাদি।
- ২। জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্সরগত জে.এল ৫৬ নং ভাটি কানাইপুর মৌজার এস.এ. খতিয়ান নং - ৪৬৭, ৪৪৪, আর এস- ৪৬৮, ৪৪০, ডিপি-৪৭৫, ১১৭ প্রস্ৰাবিত খতিয়ান নং- ৪৬৭/১, আর.এস. ও এস.এ. দাগ নং- ৯৮৫, ৯৮৮, হাল দাগ নং - ১৫৫৭, ১৫৫৬ জমির পরিমাণ ১১.০০ শতাংশ এবং উহার উপর নির্মিত যাবতীয় স্থাপনাদি।
- ৩। জেলা-ফরিদপুর, উপজেলা-কোতোয়ালী, অন্সরগত জে.এল ৫৬ নং ভাটি কানাইপুর মৌজার এস.এ. খতিয়ান নং- ১০৭, আর এস- ১১২, ডিপি-১৪৩০, ১১৭, প্রস্ৰাবিত খতিয়ান নং ৯/২, আর.এস. ও এস.এ. দাগ নং- ৮৭৭, হাল দাগ নং- ১৫৪১ জমির পরিমাণ ৩৫.০০ শতাংশ এবং উহার উপর নির্মিত যাবতীয় স্থাপনাদি।

নিলামের শর্তাবলী

- ১। আগামী ২৭/০৮/২০১৭ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখায় রক্ষিত বাঞ্ছিত সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগন তপশিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন। তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণ যোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্ৰাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্ৰাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা:সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্ৰাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণ যোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্ৰারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কানাইপুর শাখা, ফরিদপুর।